JAN. 2 [illegible] 2001

তারিখ ... পৃষ্ঠা ২০ ... কলাম ... ১

ভোরের কাগজ


অধ্যাপক মোঃ ওয়াজউদ্দিন


অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী


অধ্যাপক ফিরোজ আহমেদ

# বুয়েটের তিন শিক্ষক ড. রশীদ স্মৃতি স্বর্ণপদকে ভূষিত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) শিক্ষা, গবেষণা ও জ্ঞান বিস্তারের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে এবং রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে নিজ নিজ ক্ষেত্রে উল্লেখযোগ্য ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মোঃ ওয়াহাজউদ্দিন এবং পুরকৌশল বিভাগের অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী ও অধ্যাপক এম ফিরোজ আহমেদকে যথাক্রমে ১৯৯৬, ১৯৯৭ ও ১৯৯৮ সালের ড. রশীদ স্মৃতি স্বর্ণপদকে ভূষিত করা হয়েছে। অধ্যাপক মোঃ ওয়াহাজউদ্দিনকে যন্ত্রকৌশল, অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীকে পুরকৌশল ও অধ্যাপক এম ফিরোজ আহমেদকে পরিবেশ প্রকৌশল ক্ষেত্রে শিক্ষা ও গবেষণায় অবদানের জন্য এই স্বর্ণপদক প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত শনিবার বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে তাদেরকে এই পদক প্রদান করেন। প্রকৌশল বিশ্ববিদ্যালয় প্রকৌশল শিক্ষা, গবেষণা এবং তার প্রয়োগ ও প্রসারে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ড. রশীদ স্মৃতি স্বর্ণপদক অনুপ্রেরণা জুগিয়ে আসছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য ও এ দেশের প্রকৌশল শিক্ষার পথিকৃৎ মরহুম অধ্যাপক ড. এম এ রশীদ-এর নামে তার পুত্র স্থপতি বদরুল হুদা ১৯৯৫ সালে উক্ত পদক চালু করেন। বিজ্ঞপ্তি।